NOV. 21 2001

দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# খুলনা বিশ্ববিদ্যালয়ে নতুন দুটি বিষয় চালু করা হচ্ছে

**খুলনা থেকে নিজস্ব বার্তা পরিবেশক ঃ** খুলনা বিশ্ববিদ্যালয়ে চলতি ২০০১-২০০২ শিক্ষাবর্ষে নতুন দুটি বিষয় চালু করা হচ্ছে।

এ বছরই নতুন বিষয় দুটিতে ছাত্রছাত্রী ভর্তি করা হবে। নতুন ডিসিপ্লিন ভূগোল ও পরিবেশ বিদ্যা বিষয় চালু হচ্ছে বিজ্ঞান প্রকৌশল ও প্রযুক্তি বিদ্যা স্কুলের অধীনে এবং স্যোশিওলজি অ্যান্ড এনথ্রোপলজি বিষয় চালু হচ্ছে সামাজিক বিজ্ঞান স্কুলের অধীনে। নতুন দুটি বিষয় নিয়ে খুলনা বিশ্ববিদ্যালয়ের মোট ডিসিপ্লিনের (বিষয়) সংখ্যা দাড়াল ১৭টি।

## ভর্তি পরীক্ষা

আগামী ২৫শে নভেম্বর থেকে ১০ই জানুয়ারি পর্যন্ত খুলনা বিশ্ববিদ্যালয়ে ২০০১-২০০২ শিক্ষাবর্ষের স্নাতক ও স্নাতকোত্তর ১ম বর্ষের ভর্তি ফরম দেয়া হবে। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ১০, ১১, ১২ এবং ১৩ই ফেব্রুয়ারি ২০০১।